গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
সংস্থাপন-১ শাখা
www.mole.gov.bd

স্মারক নম্বর: ৪০.০০.০০০০.০২০.১৬.০০২.২০.২৩

তারিখ: ২৩ ফাল্গুন ১৪২৭
০৮ মার্চ ২০২১

বিষয়: **২০২০-২১ অর্থবেছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)'র মাসিক (ফেব্রুয়ারি/২০২১) সভার কার্যবিবরণী প্রেরণ**

২০২০-২১ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (এপিএ)'র অগ্রগতি পর্যালোচনার নিমিত্ত গত ২৫-০২-২০২১ তারিখ অনুষ্ঠিত মাসিক (ফেব্রুয়ারি/২০২১) সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তি: (১) সভার কার্যবিবরণী।

৮-৩-২০২১
মোঃ হানিফ সিকদার
উপসচিব
ফোন: ৯৫৭৭১৪০
ইমেইল: section10@mole.gov.bd

বিতরণ :
১) মহাপরিদর্শক (ভারপ্রাপ্ত), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
২) মহাপরিচালক (ভারপ্রাপ্ত), শ্রম অধিদপ্তর
৩) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন
৪) মহাপরিচালক, কেন্দ্রীয় তহবিল
৫) চেয়ারম্যান (অতিরিক্ত দায়িত্ব), চেয়ারম্যান এর দপ্তর, নিম্নতম মজুরী বোর্ড
৬) যুগ্মসচিব, বাজেট অধিশাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
৭) যুগ্মসচিব, সংস্থাপন অধিশাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
৮) উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), পরিকল্পনা অধিশাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
৯) উপসচিব (উন্নয়ন), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
১০) প্রোগ্রামার, আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৪০.০০.০০০০.০২০.১৬.০০২.২০.২৩/১

তারিখ: ২৩ ফাল্গুন ১৪২৭
০৮ মার্চ ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সকল কর্মকর্তা

২) প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন অনুবিভাগ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

৩) অফিস কপি/, গার্ড ফাইল।

৮-৩-২০২১
মোঃ হানিফ সিকদার
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
সংস্থাপন-১

**বিষয়: ২০২০-২১ অর্থবেছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি এপিএ)'র মাসিক (ফেব্রুয়ারি/২০২১) সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | বেগম জেবুন্নেছা করিম<br>অতিরিক্ত সচিব |
| তারিখ | : | ২৫-০২-২০২১ খ্রি: |
| সময় | : | বিকাল ৩.০০ ঘটিকা |
| স্থান | : | মন্ত্রণালয়ের সভাকক্ষ |
| উপস্থিত সদস্য | : | পরিশিষ্ট 'ক' |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার আলোচনা শুরু করেন। তিনি বলেন যে, মন্ত্রণালয়ের সার্বিক কার্যক্রমের সাফল্য পরিমাপ ও মূল্যায়নের জন্য বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অত্যন্ত গুরুত্বপূর্ণ। সভাপতির অনুরোধক্রমে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বিভিন্ন কৌশল বাস্তবায়নে দায়িত্বপ্রাপ্ত শাখার কর্মকর্তা আগত এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণকে ফেব্রুয়ারি/২০২১ মাসের অগ্রগতি সম্পর্কে সভাকে অবহিত করার জন্য আহ্বান জানান।

০২। শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের এপিএ টিমের ফোকাল পয়েন্ট কর্মকর্তা উপসচিব জনাব মো: হানিফ সিকদার মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রদত্ত ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)'র অর্ধ-বার্ষিক (জুলাই-ডিসেম্বর/২০২০) অগ্রগতির বিষয়ে ফলাবর্তক/মূল্যায়ন প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। মন্ত্রিপরিষদ বিভাগের ফলাবর্তক/মূল্যায়নে প্রদত্ত নির্দেশনার আলোকে এপিএ সূচকের প্রমাণক ও প্রতিবেদন ছক অনুযায়ী প্রতিমাসে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য দপ্তর/সংস্থার ফোকালপয়েন্ট কর্মকর্তাদের নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া, দপ্তর/সংস্থা কর্তৃক প্রেরিত প্রতিবেদন সমন্বয় সভার অনুমোদনক্রমে এপিএ'র পরবর্তী কোয়ার্টারের প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য আলোচনা করা হয়।

০৩। অর্ধ-বার্ষিক (জুলাই-ডিসেম্বর/২০২০) অগ্রগতির ফলাবর্তক/মূল্যায়ন প্রতিবেদন এবং বিভিন্ন দপ্তর/সংস্থার বর্তমান অগ্রগতি সম্পর্কে আলোচনা করার জন্য দপ্তর/সংস্থার ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণকে আহবান জানানো হয়। পরবর্তীতে দপ্তর/সংস্থা তাদের বর্তমান অগ্রগতি সভায় উপস্থাপন করেন।

০৪। যে সকল সূচকের লক্ষ্যমাত্রার অর্জন কম হয়েছে সে ক্ষেত্রে লক্ষ্যমাত্রা অর্জনে যথাযথ পদক্ষেপ গ্রহণকরত: পরবর্তীতে সকল সূচকের লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের আরও কার্যকরী ভূমিকা গ্রহণের জন্য পরামর্শ প্রদান করা হয়। এছাড়া, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক সময়ে সময়ে ওয়েবসাইটে প্রদত্ত এপিএ সংক্রান্ত সকল তথ্য/নির্দেশনাসমূহ অনুসরণপূর্বক কার্যক্রম গ্রহণের লক্ষ্যে প্রতিনিয়ত উক্ত ওয়েবসাইট পর্যবেক্ষণ করার জন্য আওতাধীন দপ্তর/সংস্থার ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের বিশেষ নির্দেশনা প্রদান করা হয়।

০৫। সভায় মন্ত্রণালয়ের বিভিন্ন শাখা ও আওতাধীন দপ্তর/সংস্থার সর্বশেষ অগ্রগতির বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

সিদ্ধান্তসমূহ:

৫.১। এ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা এপিএ সূচকের প্রমাণক ও প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার আলোকে (কপি সংযুক্ত) প্রতিমাসে সংস্থাপন-১ ও সমন্বয় শাখায় প্রেরণ করবে;

৫.২। দপ্তর/সংস্থা তাদের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)'র অগ্রগতি 'ছক' অনুযায়ী (ছক সংযুক্ত) প্রতিমাসে সমন্বয় সভায় উপস্থাপন করবে;

৫.৩। দপ্তর/সংস্থা কর্তৃক প্রেরিত প্রতিবেদন সমন্বয় সভার অনুমোদনক্রমে এপিএ'র পরবর্তী কোয়ার্টারে মন্ত্রিপরিষদ বিভাগে দাখিল করতে হবে;

৫.৪। যে সকল সূচকের লক্ষ্যমাত্রা পরবর্তী কোয়ার্টারে অর্জনের সুযোগ রয়েছে সেগুলো অর্জনের জন্য সংশ্লিষ্ট শাখা/দপ্তর/সংস্থার ফোকাল পয়েন্ট কর্মকর্তারা আরও কার্যকরি পদক্ষেপ গ্রহণ করবে।

০৬। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৭/০৬/২০২১

(বেগম জেবুন্নেছা করিম)
অতিরিক্ত সচিব
ও
এপিএ টিম প্রধান

# সমন্বয় সভার কার্যবিবরণীতে অন্তর্ভুক্তির লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক বার্ষিক কর্মসম্পাদন চুক্তির নির্দেশনা সম্বলিত ছক

## কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

| সূচকের ক্রমিক | কর্মসম্পাদন সূচক | একক | আলোচ্য মাসে অর্জন |
|---|---|---|---|
| [১.১.১] | কমপ্লাইয়েন্স নিশ্চিতকৃত কারখানা ও প্রতিষ্ঠান | সংখ্যা | সকল জেলার কমপ্লাইয়েন্স নিশ্চিতকৃত কারখানা ও প্রতিষ্ঠানের মোট সংখ্যা |
| [১.২.১] | পরিদর্শনকৃত কারখানা ও প্রতিষ্ঠান | সংখ্যা | সকল জেলার পরিদর্শনকৃত কারখানা ও প্রতিষ্ঠানের মোট সংখ্যা |
| [১.৩.১] | আয়োজিত উদ্বুদ্ধকরণ অনুষ্ঠান | সংখ্যা | সকল জেলার আয়োজিত উদ্বুদ্ধকরণ অনুষ্ঠানের মোট সংখ্যা |
| [১.৪.১] | দায়েরকৃত মামলা | সংখ্যা | সকল জেলার দায়েরকৃত মামলার মোট সংখ্যা |
| [১.৫.১] | প্রদানকৃত লাইসেন্স | সংখ্যা | সকল জেলার প্রদানকৃত লাইসেন্স এর মোট সংখ্যা |
| [১.৫.২] | নবায়নকৃত লাইসেন্স | % | সকল জেলায় লাইসেন্স নবায়নের আবেদন সংখ্যা ও নবায়নকৃত লাইসেন্স এর মোট সংখ্যা |
| [৩.৩.১] | শিশুশ্রম নিরসনকৃত (শিশু শ্রমিক) | সংখ্যা | নিরসনকৃত শিশু শ্রমিকের মোট সংখ্যা |
| [৩.৪.১] | পরিদর্শনের মাধ্যমে নিষ্পত্তিকৃত অভিযোগ | % | আলোচ্য মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা এবং নিরসনকৃত অভিযোগের মোট সংখ্যা |

## শ্রম অধিদপ্তর

| সূচকের ক্রমিক | কর্মসম্পাদন সূচক | একক | আলোচ্য মাসে অর্জন |
|---|---|---|---|
| [২.১.১] | নিষ্পত্তিকৃত ট্রেড ইউনিয়ন নিবন্ধনের আবেদন | % | আলোচ্য মাসে প্রাপ্ত আবেদনের সংখ্যা, প্রদানকৃত আবেদনের সংখ্যা, বাতিলকৃত আবেদনের সংখ্যা, নথিজাতকৃত আবেদনের সংখ্যা, প্রক্রিয়াধীন আবেদনের সংখ্যা এবং শতকরা হার |
| [২.২.১] | সিবিএ নির্বাচন পরিচালিত | % | প্রাপ্ত আবেদনের সংখ্যা ও পরিচালিত সিবিএ নির্বাচনের সংখ্যা এবং শতকরা হার। |
| [২.৩.১] | নিষ্পত্তিকৃত শ্রম বিরোধ | % | প্রাপ্ত আবেদনের সংখ্যা ও নিষ্পত্তিকৃত আবেদনের সংখ্যা এবং শতকরা হার। |
| [২.৪.১] | প্রশিক্ষণ প্রাপ্ত জনবল | সংখ্যা | আলোচ্য মাসের সকল প্রশিক্ষণার্থীর সংখ্যা |
| [২.৫.১] | নির্বাচন পরিচালিত | সংখ্যা | প্রাপ্ত আবেদনের সংখ্যা ও পরিচালিত নির্বাচনের সংখ্যা |

## বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন এবং কেন্দ্রীয় তহবিল

| সূচকের ক্রমিক | কর্মসম্পাদন সূচক | একক | আলোচ্য মাসে অর্জন |
|---|---|---|---|
| [৩.২.১] | অনুদানপ্রাপ্ত শ্রমিক ও তাদের পরিবারের সদস্য | সংখ্যা | আলোচ্য মাসে অনুদানপ্রাপ্ত শ্রমিকের সংখ্যা ও টাকার পরিমাণ। |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কর্মসম্পাদন ব্যবস্থাপনা (মূল্যায়ন) শাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮২৬.২২.০০২.১৮. ৫১

তারিখ: ০৩ ফাল্গুন ১৪২৭
১৬ ফেব্রুয়ারি ২০২১

বিষয়: শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধ-বার্ষিক অগ্রগতির বিষয়ে ফলাবর্তক (ফিডব্যাক) প্রদান।

মন্ত্রিপরিষদ বিভাগের সঙ্গে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের ২০২০-২১ অর্থবছরের এপিএ'র অর্ধ-বার্ষিক মূল্যায়ন সংক্রান্ত পর্যালোচনা সভা ১৫/০২/২০২১ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত হয়েছে। সভায় কারিগরি কমিটির সদস্যবৃন্দ, মন্ত্রিপরিষদ বিভাগের কর্মকর্তাগণ এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের এপিএ টিমের কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন। সভায় ২০২০-২১ অর্থবছরের এপিএ'র যেসকল সূচকে অগ্রগতি সন্তোষজনক নয় সেসকল সূচকের বিষয়ে আলোচনা হয়েছে এবং প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়েছে (প্রতিবেদন সংযুক্ত)। এছাড়াও সভায় এ মন্ত্রণালয়ের এপিএ'র প্রতিটি সূচকের লক্ষ্যমাত্রা অর্জনের সপক্ষে যেসকল প্রমাণক মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে তার একটি তালিকা প্রদান করা হয়েছে এবং প্রমাণক দাখিল সংক্রান্ত একটি নির্দেশিকা প্রদান করা হয়েছে (তালিকা ও নির্দেশিকা এসাথে সংযুক্ত)।

২। বর্ণিতাবস্থায়, এপিএ'র অর্ধ-বার্ষিক মূল্যায়ন সংক্রান্ত সভার সিদ্ধান্ত এবং প্রণয়নকৃত নির্দেশনা অনুযায়ী নিজ মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের অফিসসমূহের এপিএ বাস্তবায়ন ও মূল্যায়ন কার্যক্রম পরিচালনার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

Rowshan ara
১৬/২/২০২১
(রওশন আরা লাবনী)
সিনিয়র সহকারী সচিব
ফোন নম্বর :৪১০৫০১১০
ই-মেইল: pme_sec@cabinet.gov.bd

সচিব
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

সচিবের দপ্তর
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
ডায়েরী নং ২২৩ তারিখ ১৭/২/২১
☐ অতি: সচিব
☐ অতি: সচিব (আন্ত: সংস্থা)
☐ অতি: সচিব (শ্রম)
☐ অতি: সচিব (উন্নয়ন)
☐ মহাপরিচালক (BLWF/CF)
☐ একান্ত সচিব
☐ অন্যান্য............
সচিব

অতিরিক্ত সচিব (প্রশাসন) অনুবিভাগ
ডাইরী নং ২২৬ তারিখ ২৮/০২/২০২১
১। যুগ্মসচিব (প্রশাসন)
২। যুগ্মসচিব (সংস্থাপন)
৩। যুগ্মসচিব (বাজেট)
৪। [illegible]
৫। উপসচিব (প্রশাসন)
৬। উপসচিব (কাউন্সিল অফিসার)
৭। সিস্টেম এনালিষ্ট (আইসিটি সেল)
৮। সিনি: সহকারী সচিব (শাখা-৮)
৯। সহকারী সচিব (শাখা-৪)
১০। ব্যক্তিগত কর্মকর্তা
অতিরিক্ত সচিব (প্র:)

যুগ্মসচিব (সংস্থাপন) এর দপ্তর
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
ডায়েরী নং ৫২ তারিখ ২/৩/০২/২০২১
উপসচিব (সংস্থাপন-১)
উপসচিব (সংস্থাপন-২)
সহ:সচিব/সি:সহ:সচিব (শাখা-৮)
উপস্থাপন করুন/আলোচনা করুন
যুগ্মসচিব

০৩ ফাল্গুন ১৪২৭

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮২৬.২২.০০২.১৮. ৫১

তারিখ: ১৬ ফেব্রুয়ারি ২০২১

সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল:

১। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ—মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।

২। সচিব, সমন্বয় ও সংস্কারের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ—সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।

৩। অতিরিক্ত সচিব (সংস্কার)-এর ব্যক্তিগত কর্মকর্তা, মন্ত্রিপরিষদ বিভাগ — অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।

৪। অফিস কপি/মাস্টার কপি।

Rowshan ara
১৬/২/২০২১

(রওশন আরা লাবনী)
সিনিয়র সহকারী সচিব

# শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

## শূন্য অর্জন এবং অর্জন সন্তোষজনক নয় এমন সূচকসমূহ

| | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত অগ্রগতি | | মন্ত্রিপরিষদ বিভাগের মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | | | অসাধারণ লক্ষ্যমাত্রা | অর্জিত লক্ষ্যমাত্রা | |
| [১.১] বেসরকারি সেক্টরে কর্মরত শ্রমিকদের পেশাগত স্বাস্থ্য, নিরাপত্তা এবং কল্যাণ নিশ্চিতকরণ | [১.১.১] কমপ্লাইয়েন্স নিশ্চিতকৃত কারখানা ও প্রতিষ্ঠান | সংখ্যা | ৩.০০ | ১৫০০ | ৫৬১ | ষাণ্মাসিক আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি। |
| [১.৪] শ্রম আইন ভংগকারী কারখানা ও প্রতিষ্ঠানের বিরুদ্ধে মামলা দায়ের | [১.৪.১] দায়েরকৃত মামলা | সংখ্যা | ২.০০ | ১৩০০ | ২৫৩ | ষাণ্মাসিক আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি। |
| [১.৫] কারখানা ও প্রতিষ্ঠানের লাইসেন্স প্রদান ও নবায়ন | [১.৫.১] প্রদানকৃত লাইসেন্স | সংখ্যা | ৩.০০ | ১০০০০ | ৩৬৯৪ | ষাণ্মাসিক আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি। |
| | [১.৫.২] নবায়নকৃত লাইসেন্স | % | ২.০০ | ৪৫ | ২২০২৬ | কর্মসম্পাদন সূচক পরিমাপের একক শতকরায় থাকলেও লক্ষ্যমাত্রা সংখ্যায় দেখানো হয়েছে। |
| [৩.৩] শিশুশ্রম নিরসন | [৩.৩.১] শিশুশ্রম নিরসনকৃত (শিশু শ্রমিক) | সংখ্যা | ৪ | ৫০০০ | ৭৮২ | ষাণ্মাসিক আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি। |
| [২.৪] কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | [২.৪.২] ১০ম গ্রেড ও তদুর্ধ্ব প্রত্যেক কর্মচারীকে এপিএ বিষয়ে প্রদত্ত প্রশিক্ষণ | জনঘন্টা | ১ | ৫ | | কোন অর্জন নেই |
| [২.৫] এপিএ বাস্তবায়নে প্রনোদনা প্রদান | [২.৫.১] ন্যুনতম একটি আওতাধীন দপ্তর-সংস্থা/ একজন কর্মচারীকে এপিএ বাস্তবায়নের জন্য প্রনোদনা প্রদানকৃত | সংখ্যা | ১ | ১ | | কোন অর্জন নেই |

## মন্ত্রণালয়/বিভাগের ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি মূল্যায়নে বিবেচ্য বিষয়সমূহ:

১) প্রতিটি কর্মসম্পাদন চুক্তির অর্জনের সপক্ষে প্রমাণক দাখিল করতে হবে;

২) কোন সূচকের অর্জনের সপক্ষে প্রমাণক দাখিল করা না হলে সূচকটি অর্জিত হয় নাই মর্মে বিবেচিত হবে;

৩) সকল প্রমাণক এপিএএমএস সফটওয়্যারের মাধ্যমে দাখিল করতে হবে;

৪) যে সকল প্রমাণকের আকার ২ মেগাবাইটের অধিক সেসকল প্রমাণক দাখিলের বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে আলোচনার ভিত্তিতে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। উল্লেখ্য মন্ত্রিপরিষদ বিভাগের এপিএ সংশ্লিষ্ট শাখাসমূহে প্রতিটি মন্ত্রণালয়/বিভাগের এপিএ মূল্যায়নের জন্য কর্মকর্তা নির্ধারিত রয়েছে;

৫) সকল প্রমাণকে সংশ্লিষ্ট কর্মকর্তার স্বাক্ষর থাকতে হবে; স্বাক্ষরবিহীন প্রমাণক বিবেচনা করা হবে না;

৬) প্রকল্পের মাধ্যমে অর্জিত সকল সূচকের প্রমাণক হিসেবে অর্জনের সপক্ষে সংশ্লিষ্ট প্রকল্পের 'প্রকল্প-পরিচালকের' প্রত্যয়ন পত্র এবং 'প্রজেক্ট স্টিয়ারিং কমিটি (পিএসসি)/প্রজেক্ট ইমপ্লিমেন্টেশন কমিটি (পিআইসি)' এর সভার কাযবিবরণী প্রদান করতেহবে;

৭) যেসকল সূচকের লক্ষ্যমাত্রা আওতাধীন দপ্তর/সংস্থার মাধ্যমে অর্জিত হবে সে সকল সূচকের লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে বিশদ বিবরণসহ সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা প্রধান কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়ন এবং সূচকটির লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে মন্ত্রণালয়/বিভাগের সংশ্লিষ্ট সভার (প্রযোজ্য ক্ষেত্রে মাসিক সমন্বয় সভা, এডিপি রিভিউ সভা, বিএমসি সভা বা বিশেষ সভা) কার্যবিবরণী সংযুক্ত করতে হবে; তবে এসকল ক্ষেত্রে এপিএ টিমের সভার কার্যবিবরণী প্রযোজ্য হবে না;

৮) যেসকল সূচকের লক্ষ্যমাত্রা সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের মাঠ পর্যায়ের অফিসের মাধ্যমে অর্জিত হয় সেসকল সূচকের মাঠ পর্যায়ের ড্যাটা প্রস্তুত রাখতে হবে এবং মন্ত্রিপরিষদ বিভাগের চাহিদা মোতাবেক তথ্য প্রদান করতে হবে। উদাহরণস্বরূপ, মাঠ পর্যায়ের অফিসের মাধ্রমে ১০,০০০ ব্যক্তিকে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রা অর্জনের দাবী করা হলে এরূপ প্রশিক্ষণপ্রাপ্তদের নাম/ঠিকানার তালিকা বিভাগ/জেলা/উপজেলা ওয়ারি প্রস্তুত রাখতে হবে। মন্ত্রিপরিষদ বিভাগ প্রয়োজনে মাঠ পর্যায়ে এরূপ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে কি-না তা যাচাই করে দেখতে বিভাগ/জেলা/উপজেলাওয়ারী তালিকা চাইতে পারবে। যাচাইঅন্তে অর্জনের বিপরীতে প্রযোজ্য নম্বর প্রদান করা হবে। তবে এরূপ তালিকা প্রমাণক হিসেবে প্রথমেই সরবরাহ করার প্রয়োজন নাই।

৯) দপ্তর/সংস্থা/মাঠ পর্যায়ে বাস্তবায়িত লক্ষ্যমাত্রার অর্জন সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক যাচাই করে নিশ্চিত হয়েই নম্বর দাবী করত হবে এবং উপরোল্লিখিত পদ্ধতি অবলম্বন করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রমাণক প্রেরণ করতে হবে; প্রয়োজনে সরেজমিনে পরিদর্শন করতে হবে;

১০) মন্ত্রণালয়/বিভাগের প্রতিটি অর্জন নিশ্চিতের বিষয়ে এপিএ টিম কি কার্যক্রম গ্রহণ করেছে তা অর্থবছর শেষে পৃথকভাবে মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করতে হবে।

## মন্ত্রণালয়ের নাম: শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

| কাযক্রম | কর্মসম্পাদন সূচক | একক | অসাধারণ | চূড়ান্ত প্রমাণক হিসেবে যা প্রয়োজন |
|---|---|---|---|---|
| [১.১] বেসরকারি সেক্টরে কর্মরত শ্রমিকদের পেশাগত স্বাস্থ্য, নিরাপত্তা এবং কল্যাণ নিশ্চিতকরণ | [১.১.১] কমপ্লাইয়েন্স নিশ্চিতকৃত কারখানা ও প্রতিষ্ঠান | সংখ্যা | ১৫০০ | জেলাভিত্তিক কমপ্লাইয়েন্স নিশ্চিতকৃত কারখানা ও প্রতিষ্ঠানের সংখ্যার স্বাক্ষরিত বিবরণী এবং মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট সভার কাযবিবরণী |
| | | | | **প্রস্তুত রাখতে হবে**<br>কমপ্লাইয়েন্স নিশ্চিতকৃত কারখানা ও প্রতিষ্ঠানের নাম, ঠিকানাসহ বিস্তারিত বিবরণী |
| | [১.১.২] কমপ্লাইয়েন্স কার্যক্রম পরিবীক্ষন | সংখ্যা | ১২ | কমপ্লাইয়েন্স কার্যক্রম পরিবীক্ষন প্রতিবেদন। |
| [১.২] পরিদর্শন কার্যক্রম পরিচালনা | [১.২.১] পরিদর্শনকৃত কারখানা ও প্রতিষ্ঠান | সংখ্যা | ৩৩,০০০ | জেলাভিত্তিক পরিদর্শনকৃত কারখানা ও প্রতিষ্ঠানের সংখ্যার স্বাক্ষরিত প্রতিবেদন এবং মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট সভার কাযবিবরণী |
| | | | | **প্রস্তুত রাখতে হবে**<br>পরিদর্শনকৃত কারখানা ও প্রতিষ্ঠানের নাম, ঠিকানাসহ বিস্তারিত বিবরণী |
| | [১.২.২] পরিদর্শন কার্যক্রম পর্যবেক্ষণ (মাসিক) | সংখ্যা | ১২ | পরিদর্শন কার্যক্রম পর্যবেক্ষণ (মাসিক) প্রতিবেদন |
| [১.৩] উদ্বুদ্ধকরণ অনুষ্ঠান পরিচালনা | [১.৩.১] আয়োজিত উদ্বুদ্ধকরণ অনুষ্ঠান | সংখ্যা | ৭৫০ | জেলাভিত্তিক আয়োজিত উদ্বুদ্ধকরণ অনুষ্ঠানের সংখ্যার বিবরণী এবং মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট সভার কাযবিবরণী |
| | | | | **প্রস্তুত রাখতে হবে**<br>আয়োজিত উদ্বুদ্ধকরণ অনুষ্ঠানের ধরণসহ বিস্তারিত বিবরণী |
| [১.৪] শ্রম আইন ভংগকারী কারখানা ও প্রতিষ্ঠানের বিরুদ্ধে মামলা দায়ের | [১.৪.১] দায়েরকৃত মামলা | সংখ্যা | ১৩০০ | জেলাভিত্তিক দায়েরকৃত মামলার সংখ্যার বিবরণী এবং মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট সভার কাযবিবরণী। |
| | | | | **প্রস্তুত রাখতে হবে**<br>দায়েরকৃত মামলার বিস্তারিত বিবরণী |
| | [১.৪.২] মামলা দায়ের কার্যক্রম পরিদর্শন (মাসিক) | সংখ্যা | ১২ | মামলা দায়ের কার্যক্রম পরিদর্শন (মাসিক) প্রতিবেদন |
| [১.৫] কারখানা ও প্রতিষ্ঠানের লাইসেন্স প্রদান ও নবায়ন | [১.৫.১] প্রদানকৃত লাইসেন্স | সংখ্যা | ১০,০০০ | জেলাভিত্তিক প্রদানকৃত লাইসেন্স এর সংখ্যার স্বাক্ষরিত বিবরণী এবং মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট সভার কাযবিবরণী। |
| | | | | **প্রস্তুত রাখতে হবে**<br>যেসকল কারখানা ও প্রতিষ্ঠানের বিপরীতে লাইসেন্স প্রদান করা হয়েছে তার যোগাযোগের ঠিকানাসহ তালিকা |
| | [১.৫.২] নবায়নকৃত লাইসেন্স | % | ৪৫ | জেলাভিত্তিক নবায়নের জন্য আবেদন সংখ্যা ও তার বিপরীতে নবায়নকৃত লাইসেন্স এর সংখ্যার স্বাক্ষরিত বিবরণী এবং মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট সভার কাযবিবরণী। |
| | | | | **প্রস্তুত রাখতে হবে**<br>যেসকল কারখানা ও প্রতিষ্ঠানের বিপরীতে লাইসেন্স নবায়ন করা হয়েছে তার যোগাযোগের ঠিকানাসহ তালিকা |
| | [১.৫.৩] লাইসেন্স প্রদান ও নবায়ন কার্যক্রম পরিদর্শন (মাসিক) | সংখ্যা | ১২ | লাইসেন্স প্রদান ও নবায়ন কার্যক্রম পরিদর্শন (মাসিক) প্রতিবেদন |

| কাযক্রম | কর্মসম্পাদন সূচক | একক | অসাধারণ | চূড়ান্ত প্রমাণক হিসেবে যা প্রয়োজন |
|---|---|---|---|---|
| [১.৬] গ্রীনকারখানা ও প্রতিষ্ঠানকে পুরস্কৃত করা | [১.৬.১] গ্রীনকারখানা ও প্রতিষ্ঠানকে পুরস্কৃত করার জন্য অনুষ্ঠান আয়োজন | তারিখ | ২৮-০৪-২০২১ | ২৮-০৪-২০২১ তারিখের মধ্যে গ্রীনকারখানা ও প্রতিষ্ঠানকে পুরস্কৃত করার জন্য অনুষ্ঠানের বিজ্ঞ মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট সভার কার্যবিবরণী |
| [২.১] ট্রেড ইউনিয়ন নিবন্ধনের আবেদন | [২.১.১] নিষ্পত্তিকৃত ট্রেড ইউনিয়ন নিবন্ধনের আবেদন | % | ১০০ | মাসভিত্তিক প্রাপ্ত ট্রেড ইউনিয়ন নিবন্ধনের আবেদন সংখ্যা ও তার বিপরীতে নিষ্পত্তিকৃত ট্রেড ইউনিয়ন নিবন্ধনের সংখ্যার স্বাক্ষরিত বিবরণী (প্রক্রিয়াধীন আবেদনকে নিষ্পন্ন গন্য করা যাবেনা) এবং মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট সভার কাযবিবরণী।<br>**প্রস্তুত রাখতে হবে**<br>ট্রেড ইউনিয়ন নিবন্ধনের আবেদন সংখ্যা ও তার বিপরীতে নিষ্পত্তিকৃত ট্রেড ইউনিয়ন নিবন্ধনের সংখ্যার বিস্তারিত তালিকা |
| | [২.১.২] ট্রেড ইউনিয়ন নিবন্ধনের কার্যক্রমপরিদর্শন (মাসিক) | সংখ্যা | ১২ | ট্রেড ইউনিয়ন নিবন্ধনের কার্যক্রম পরিদর্শন (মাসিক) প্রতিবেদন |
| ২.২] সিবিএ নির্বাচন পরিচালনা | [২.২.১] সিবিএ নির্বাচন পরিচালিত | % | ১০০ | সিবিএ নির্বাচন পরিচালনার জন্য প্রাপ্ত আবেদন সংখ্যা ও তার বিপরীতে পরিচালিত সিবিএ নির্বাচন এর তথ্য সম্বলিত বিবরণী এবং মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট সভার কাযবিবরণী।<br>**প্রস্তুত রাখতে হবে**<br>সিবিএ নির্বাচন পরিচালনার জন্য প্রাপ্ত আবেদন এবং পরিচালিত নির্বাচন এর বিস্তারিত তথ্য |
| [২.৩] সালিশী কার্যক্রমের মাধ্যমে শ্রম বিরোধ নিষ্পত্তি | [২.৩.১] নিষ্পত্তিকৃত শ্রম বিরোধ | % | ৮০ | সালিশী কার্যক্রমের মাধ্যমে শ্রম বিরোধ নিষ্পত্তির জন্য প্রাপ্ত আবেদন এবং এর বিপরীতে নিষ্পত্তিকৃত শ্রম বিরোধ এর সংখ্যার বিবরণী এবং মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট সভার কাযবিবরণী।<br>**প্রস্তুত রাখতে হবে**<br>সালিশী কার্যক্রমের মাধ্যমে শ্রম বিরোধ নিষ্পত্তির জন্য প্রাপ্ত আবেদন এবং এর বিপরীতে নিষ্পত্তিকৃত শ্রম বিরোধ এর বিস্তারিত বিবরণী |
| [২.৪] শ্রমিক-কর্মচারী, মালিক এবং শ্রম প্রশাসনের সাথে জড়িত কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | [২.৪.১] প্রশিক্ষণ প্রাপ্ত জনবল | সংখ্যা | ৮০০০ | মাসভিত্তিক বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীর সংখ্যার বিবরণী এবং মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট সভার কাযবিবরণী।<br>**প্রস্তুত রাখতে হবে**<br>প্রশিক্ষণের সকল অফিস আদেশ। |

| কাযক্রম | কর্মসম্পাদন সূচক | একক | অসাধারণ | চূড়ান্ত প্রমাণক হিসেবে যা প্রয়োজন |
|---|---|---|---|---|
| [২.৫] অংশগ্রহণকারী কমিটির নির্বাচন পরিচালনা | [২.৫.১] নির্বাচন পরিচালিত | সংখ্যা | ৪৫০ | নির্বাচন পরিচালনার জন্য প্রাপ্ত আবেদনের বিপরীতে পরিচালিত নির্বাচন এর তথ্য সম্বলিত বিবরণী এবং মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট সভার কাযবিবরণী। |
| [৩.১] বেসরকারি শিল্প সেক্টরে কর্মরত শ্রমিক-কর্মচারীদের ন্যূনতম মজুরি নির্ধারণ | [৩.১.১] ন্যূনতম মজুরি নির্ধারণকৃত শিল্প সেক্টর | সংখ্যা | ৩ | অনুদানপ্রাপ্ত শ্রমিক ও তাদের পরিবারের সদস্যদের সংখ্যা এবং প্রদত্ত অনুদানের পরিমাণসহ স্বাক্ষরিত বিবরণী এবং মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কাযবিবরণী। |
| [৩.২] শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন তহবিল ও কেন্দ্রীয় তহবিল থেকে অনুদান প্রদান। | [৩.২.১] অনুদানপ্রাপ্ত শ্রমিক ও তাদের পরিবারের সদস্য | সংখ্যা | ৪৬০০ | **প্রস্তুত রাখতে হবে**<br>অনুদানপ্রাপ্ত শ্রমিক ও তাদের পরিবারের সদস্যদের তালিকা ও প্রদত্ত অনুদানের পরিমানসহ বিস্তারিত তথ্য |
| [৩.৩] শিশুশ্রম নিরসন | [৩.৩.১] শিশুশ্রম নিরসনকৃত (শিশু শ্রমিক) | সংখ্যা | ৫০০০ | নিরসনকৃত শিশুশ্রম (শিশুশ্রমিক) এর সংখ্যাভিত্তিক স্বাক্ষরিত বিবরণী এবং মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট সভার কাযবিবরণী |
| | | | | **প্রস্তুত রাখতে হবে**<br>নিরসনকৃত শিশুশ্রমিকের নাম ও কোন ধরণের শ্রম শাখা হতে নিরসন করা হয়েছে তার তালিকা |
| | [৩.৩.২] শিশুশ্রম নিরসন কার্যক্রম পরিবীক্ষন (কারখানা/প্রতিষ্ঠান) | সংখ্যা | ১২ | শিশুশ্রম নিরসন কার্যক্রম পরিবীক্ষন (কারখানা/প্রতিষ্ঠান) প্রতিবেদন |
| [৩.৪] কারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শনের মাধ্যমে শ্রম প্রতিরোধ ও নিষ্পত্তি | [৩.৪.১] পরিদর্শনের মাধ্যমে নিষ্পত্তিকৃত অভিযোগ | % | ৮০ | পরিদর্শনের মাধ্যমে নিষ্পত্তিকৃত অভিযোগ (মোট অভিযোগ সংখ্যা উল্লেখসহ)-এর তথ্য সম্বলিত স্বাক্ষরিত বিবরণী এবং মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট সভার কাযবিবরণী |
| | | | | **প্রস্তুত রাখতে হবে**<br>পরিদর্শনের মাধ্যমে নিষ্পত্তিকৃত অভিযোগের বিস্তারিত তথ্য |
| কাযক্রম | কর্মসম্পাদন সূচক | একক | অসাধারণ | চূড়ান্ত প্রমাণক হিসেবে যা প্রয়োজন |
| [৪.১] কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে কর্মসংস্থান নীতিমালা প্রণয়ন। | [৪.১.১] কর্মসংস্থান নীতিমালা চূড়ান্তকরণ। | তারিখ | ৩০-০৫-২০২১ | ৩০-০৫-২০২১ তারিখের মধ্যে কর্মসংস্থান নীতিমালা চূড়ান্তকরণ সংক্রান্ত সভার কাযবিবরণী। |
| [৫.১] পিপিপি প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন | [৫.১.১] পিপিপি এর আওতায় প্রকল্প গ্রহণের উদ্দেশ্যে প্রকল্প প্রস্তাব সংগ্রহ। | সংখ্যা | ২ | পিপিপি এর আওতায় প্রকল্প গ্রহণের উদ্দেশ্যে প্রকল্প প্রস্তাবের তালিকা এবং মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট সভার কাযবিবরণী |
| | [৫.১.২] পিপিপি-এর আওতায় প্রকল্প গ্রহণের উদ্দেশ্যে পিপিপিএ-তে প্রকল্প প্রস্তাব প্রেরণ। | সংখ্যা | ১ | পিপিপি-এর আওতায় প্রকল্প গ্রহণের উদ্দেশ্যে পিপিপিএ-তে প্রেরিত প্রকল্প প্রস্তাবের অগ্রায়ন পত্রের কপি। |